# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.Sc. SECOND SEMESTER EXAMINATION, MAY 2015**

**FIRST YEAR**

**BENGALI (Honours)**

Date : 21/05/2015

Time : 11 am – 3 pm

Paper : II

Full Marks : 100

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। (২ × ১০)

ক) চৈতন্যোত্তর কবি হিসাবে রোমান্টিক কবি জ্ঞানদাসের কবিপ্রতিভার পরিচয় দাও। তাঁকে কী চণ্ডীদাসের ভাবশিষ্য বলা যায়? (৮ + ২)

খ) ধর্মঠাকুরের পরিচয়, পূজা পদ্ধতি, উদ্ভব সম্পর্কে সংক্ষেপে লিখে ধর্মমঙ্গল কাব্যকে রাঢ়ের জাতীয় মহাকাব্য বলা যায় কিনা বিচার করো। (২ + ২ + ২ + ৪)

গ) সৈয়দ আলাওল প্রণীত শ্রেষ্ঠ অনুবাদ গ্রন্থটির নাম কী? এই গ্রন্থের বিষয়বস্তু উল্লেখ করে কবির অনুবাদ কর্মের বিশিষ্টতার পরিচয় দাও। (১ + ৫ + ৪)

ঘ) বাউল সাহিত্য বলতে কী বোঝো? বাউল তত্ত্ব-ভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও। বাউল-সাহিত্যের বিশেষত্ব সম্পর্কে আলোচনা করো। (২ + ৪ + ৪)

২। যে কোনো **একটি** টীকা লেখো। (১ × ৫)

ক) মালাধর বসু

খ) গোবিন্দদাস

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। (২ × ১২.৫)

ক) প্রাচীন ভারতীয় আর্য ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও। (৬.৫ + ৬)

খ) শব্দার্থপরিবর্তন বলতে কী বোঝো? বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের ধারা সম্পর্কে উদাহরণ সহযোগে আলোচনা করো। (২ + ১০.৫)

গ) ধ্বনিলোপ বলতে কী বোঝায়? উদাহরণ সহ ব্যঞ্জনধ্বনি লোপ সম্পর্কে আলোচনা করো। (২.৫ + ১০)

ঘ) শব্দভাণ্ডার বলতে কী বোঝো? বাংলা শব্দভাণ্ডারের শ্রেণিবিভাজন দেখিয়ে মৌলিক উপাদান বিষয়ে দৃষ্টান্তসহ আলোচনা করো। (২ + ১০.৫)

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১১)

ক) বারোমাস্যা বিষয়টি সম্পর্কে আলোচনা করে ফুল্লরার বারোমাস্যার ওপর আলোকপাত করো। (৪ + ৭)

খ) 'কালকেতুর অঙ্গুরী বিক্রয়' কাব্যাংশ অবলম্বনে মুরারী শীল চরিত্রের শঠতা ও প্রবঞ্চক মনোভঙ্গীর পরিচয়টি লিপিবদ্ধ করো। (১১)

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ৪)

ক) পিপীলিকার পাখা ওঠে মরিবার তরে।
কাহার যোড়শী কন্যা আনিয়াছ ঘরে।।
—বক্তা কে? কাকে উদ্দেশ্য করে এই বক্তব্য? বক্তব্যের অন্তরালে বক্তার চরিত্রের স্বরূপ ব্যাখ্যা করো। (১ + ১ + ২)

খ) তুমি খুড়া হৈলে বন্দী অনুক্ষণ আমি কান্দি

বহু তোমার নাহি খায় ভাত।

—‘খুড়া’ কে? বক্তা কে? ‘বহু’ কেন মুখে ভাত তোলেনি বলে বক্তা জানিয়েছেন? (১ + ১ + ২)

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১৫)

ক) সংস্কৃতির উদ্ভব, বিকাশ ও স্বরূপ সম্পর্কে আলোচনা করো। (৩ + ৩ + ৯)

খ) টোটেম ও ট্যাবু সম্পর্কে আলোচনা করে দেখাও একালের মানুষও কীভাবে এর দ্বারা প্রভাবিত হয়? (৭ + ৮)

৭। যে কোনো **দুটির** দৃষ্টান্তসহ সংজ্ঞা দাও। (২ × ৫)

ক) সন্দেহ

খ) সমাসোক্তি

গ) অপহ্নুতি

ঘ) ব্যাজস্তুতি

৮। যে কোনো **দুটি** অলংকার নির্ণয় করো। (২ × ৫)

ক) কোকনদের মতো রক্তিম নয়ন দুটি জলের মধ্যে ভাসছিল।

খ) এমন মানব জমিন রইল পতিত

আবাদ করলে ফলতো সোনা।

গ) এখনও সেই বকুলগাছ

নির্নিমেষ চেয়ে থাকে।

এখনও রাতের চাঁদ

মেঘের অন্তরাল থেকে বলে

ফিরে এসো, ফিরে এসো।

ঘ) যারা কয়েক মুহূর্ত আগেও

অফুরান স্বপ্ন বুকে দৌড়ে বেড়াচ্ছিল

তারা কি আর কখনও জাগবে?

কখনও বলবে এ মৃত্যু নয়; ক্ষণেক বিরতি।

———— × ————